গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
প্রত্নতত্ত্ব অধিদপ্তর
এফ-৪/এ, আগারগাঁও প্র/এ,
শেরে-বাংলা নগর, ঢাকা-১২০৭
www.archaeology.gov.bd

**প্রত্নতত্ত্ব অধিদপ্তরের ইনোভেশন কার্যক্রম বাস্তবায়নের নিমিত্ত গঠিত ইনোভেশন টিম এর সভার কার্যবিবরণী।**

| | |
|---|---|
| সভাপতি | : মিজ্ রাখী রায়<br>উপপরিচালক (প্রত্নসম্পদ ও সংরক্ষণ শাখা), প্রত্নতত্ত্ব অধিদপ্তর। |
| সভার তারিখ ও সময় | : ০৭ জুলাই, ২০২৬। |
| সময় | : বেলা ১১:০০ ঘটিকা। |
| সভার স্থান | : উপপরিচালক (প্রত্নসম্পদ ও সংরক্ষণ শাখা)-এর অফিস কক্ষ। |
| সভায় উপস্থিতি | : পরিশিষ্ট-ক। |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করেন। ইনোভেশন টিমের সদস্য সচিব ২০২৫-২৬ অর্থবছরের GPMS পরিকল্পনার অংশ হিসেবে সংস্কৃতির উন্নয়নে অধিদপ্তর কর্তৃক গৃহীত ইনোভেটিভ আইডিয়াসমুহ সভায় উপস্থাপন করেন। চলতি অর্থবছরে অধিদপ্তর এবং এর আওতাধীন অফিসসমূহের অংশগ্রহণে সেবা/অফিস ব্যবস্থাপনা সহজীকরণ/ডিজিটাইজেশনের মাধ্যমে ন্যূনতম একটি ইনোভেশন আইডিয়া বাস্তবায়ন করতে হবে। সংরক্ষিত প্রত্নস্থল শশীলজ, ময়মনসিংহ এ প্রত্নতাত্ত্বিক সংস্কার-সংরক্ষণ, মেরামত, নির্মাণ, গবেষণা ও উন্নয়ন কাজের ইতিহাস বিষয়ক তথ্য-ভান্ডার তৈরিকরণ, প্রত্নস্থল/জাদুঘর সংলগ্ন শিক্ষা প্রতিষ্ঠানে ঐতিহ্য/প্রত্নসম্পদ বিষয়ক পরিচিতি প্রদানমূলক সেশন/ক্লাস গ্রহণ এবং নিজের জাদুঘর বানাও, কর্ণার ও সাংস্কৃতিক বিনিময় র‍্যাক স্থাপনের বিষয়ে সভায় আলোচনা করা হয়। সভায় 'ময়মনসিংহ জেলাস্থ সংরক্ষিত প্রত্নস্থল শশীলজের প্রত্নতাত্ত্বিক সংস্কার-সংরক্ষণ, মেরামত, নির্মাণ, গবেষণা ও উন্নয়ন কাজের ইতিহাস বিষয়ক তথ্য-ভান্ডার প্রস্তুতকরণ' কার্যক্রম বাস্তবায়নের নিমিত্ত কর্মপরিকল্পনা প্রণয়ন এবং তৎপরবর্তী অগ্রগতি প্রতিবেদন ০১ সেপ্টেম্বর ২০২৬ তারিখে ইনোভেশন টিমের নিকট প্রেরণের জন্য আঞ্চলিক পরিচালক, ঢাকা ও ময়মনসিংহ মহোদয়কে চিঠি প্রেরণের বিষয়ে সকল সদস্য একমত পোষণ করেন। এছাড়া 'প্রত্নস্থল/জাদুঘর সংলগ্ন শিক্ষা প্রতিষ্ঠানে ঐতিহ্য/প্রত্নসম্পদ বিষয়ক পরিচিতি প্রদানমূলক সেশন/ক্লাস গ্রহণ' কার্যক্রম বাস্তবায়নের নিমিত্ত কর্মপরিকল্পনা প্রণয়ন, শিশুদের উপযোগী করে 'বাংলাদেশের প্রত্নতত্ত্ব' বিষয়ক একটি পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশন প্রস্তুত করে ০১ সেপ্টেম্বর ২০২৬ তারিখের মধ্যে ইনোভেশন টিমের নিকট প্রেরণের জন্য সকল আঞ্চলিক পরিচালক মহোদয়গণকে চিঠি প্রেরণের বিষয়েও সকল সদস্য একমত পোষণ করেন। পরবর্তীতে 'নিজের জাদুঘর বানাও, কর্ণার ও সাংস্কৃতিক বিনিময় র‍্যাক' কার্যক্রম বাস্তবায়নের নিমিত্ত কর্মপরিকল্পনা প্রণয়ন এবং তৎপরবর্তী অগ্রগতি প্রতিবেদন ০১ সেপ্টেম্বর ২০২৬ তারিখে ইনোভেশন টিমের নিকট প্রেরণের জন্য সংশ্লিষ্ট দপ্তরকে চিঠি প্রেরণের বিষয়ে সকল সদস্য একমত পোষণ করেন।

**সিদ্ধান্ত:**

১। 'ময়মনসিংহ জেলাস্থ সংরক্ষিত প্রত্নস্থল শশীলজের প্রত্নতাত্ত্বিক সংস্কার-সংরক্ষণ, মেরামত, নির্মাণ, গবেষণা ও উন্নয়ন কাজের ইতিহাস বিষয়ক তথ্য-ভান্ডার প্রস্তুতকরণ' কার্যক্রম বাস্তবায়নের নিমিত্ত কর্মপরিকল্পনা প্রণয়ন এবং তৎপরবর্তী অগ্রগতি প্রতিবেদন ০১ সেপ্টেম্বর ২০২৬ তারিখে ইনোভেশন টিমের নিকট প্রেরণের জন্য আঞ্চলিক পরিচালক, ঢাকা ও ময়মনসিংহ মহোদয়কে চিঠি প্রেরণ করতে হবে।

ইনোভেশন টিম-

২। ‘প্রত্নস্থল/জাদুঘর সংলগ্ন শিক্ষা প্রতিষ্ঠানে ঐতিহ্য/প্রত্নসম্পদ বিষয়ক পরিচিতি প্রদানমূলক সেশন/ক্লাস গ্রহণ’ কার্যক্রম বাস্তবায়নের নিমিত্ত কর্মপরিকল্পনা প্রণয়ন, শিশুদের উপযোগী করে ‘বাংলাদেশের প্রত্নতত্ত্ব’ বিষয়ক একটি পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশন প্রস্তুত করে আগামী ০১ সেপ্টেম্বর ২০২৬ তারিখের মধ্যে ইনোভেশন টিমের নিকট প্রেরণের জন্য সকল আঞ্চলিক পরিচালক মহোদয়গণকে চিঠি প্রেরণ করতে হবে।

৩। ‘নিজের জাদুঘর বানাও, কর্ণার ও সাংস্কৃতিক বিনিময় র‍্যাক’ কার্যক্রম বাস্তবায়নের নিমিত্ত কর্মপরিকল্পনা প্রণয়ন.এবং তৎপরবর্তী অগ্রগতি প্রতিবেদন ০১ সেপ্টেম্বর ২০২৬ তারিখে ইনোভেশন টিমের নিকট প্রেরণের জন্য চিঠি প্রেরণ করতে হবে। এক্ষেত্রে শতবর্ষী স্কুলগুলোকে প্রাধান্য দিতে হবে। প্রধান কার্যালয়ের প্রকাশনা শাখার সহকারী পরিচালক ঢাকার স্কুলগুলোর বিষয়ে তত্ত্বাবধান করবেন।

৪। প্রধান কার্যালয়ের ইনোভেশন টিম এর মাধ্যমে একটি পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশন প্রস্তুত করতে হবে। কমিটির সকল সদস্যগণ পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশন প্রস্তুত করে সভাপতির নিকট ০১ সেপ্টেম্বরের মধ্যে পেশ করবেন।

সভায় আর কোনো আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

০৭/০৭/২৬
(ইমদাদুল হক)
জুনিয়র প্রত্নতাত্ত্বিক রসায়নবিদ
ও
সদস্য সচিব
ইনোভেশন টিম

০৭/০৭/২৬
(তানিয়া সুলতানা)
সহকারী পরিচালক (প্রশাসন)
ও
সদস্য
ইনোভেশন টিম

07/07/2026
(খন্দকার মহিফুজ আলম)
সহকারী স্থপতি
ও
সদস্য
ইনোভেশন টিম

০৭/০৭/২৬
(মো: গোলাম ফেরদৌস)
সহকারী পরিচালক (প্রকাশনা)
ও
সদস্য
ইনোভেশন টিম

7/7/2025
(রাখী রায়)
উপপরিচালক (প্রত্নসম্পদ ও সংরক্ষণ শাখা)
ও
ইনোভেশন অফিসার
ইনোভেশন টিম